

# উইন্ডোজ ১০-এ ফ্যামিলি অ্যাকাউন্ট সেটআপ করা

লুৎফুল্লাহ রহমান

একটি সিঙ্গেল উইন্ডোজ ১০ ডিভাইসে ব্যবহারকারীরা তাদের বাসায় প্রাপ্তবয়স্ক তথা অ্যাডাল্ট ও শিশুদের জন্য অ্যাকাউন্ট সেটআপ করতে পারেন এবং শিশুরা অনলাইনে কী করতে পারবে, তা প্রাপ্তবয়স্করা সেটআপ করতে পারবেন।

আপনি কি নিজ পরিবারের প্রাপ্তবয়স্ক ও শিশুদের সাথে উইন্ডোজ ১০ কমপিউটার অথবা ট্যাবলেট শেয়ার করতে চান? আপনি খুব সহজেই ডিভাইসের জন্য নতুন ফ্যামিলি অ্যাকাউন্ট যুক্ত করতে পারবেন, যাতে আপনার পরিবারের সবাই এটি স্বতন্ত্রভাবে ব্যবহার করতে পারে। এরপর পরিবারের প্রাপ্তবয়স্করা অর্থাৎ অ্যাডাল্টরা ডিভাইসের ব্যবহারকে ম্যানেজ করতে পারেন, যাতে শিশুরা কোনোভাবেই ডিভাইসগুলো ব্যবহার করে ডিজিটাল সমস্যার শিকার না হয়।

একজন প্রাপ্তবয়স্ক অর্থাৎ অ্যাডাল্ট হিসেবে আপনার শিশুদের অ্যাকাউন্টে পারফরম করতে পারেন নিচে বর্ণিত ধাপগুলো অনুসরণ করে।

- \* আপনার শিশুদের হাতে সেই পরিমাণ টাকা দিন, যা দিয়ে উইন্ডোজ ও এক্সবক্স স্টোর থেকে ক্রেডিট কার্ড নম্বর ছাড়াই প্রয়োজনীয় উপাদান কিনতে পারে।
- \* আপনার শিশু ডিভাইসে ঠিক কি করছে, তা জানার জন্য অ্যাক্টিভিটি রিপোর্ট View করুন। যেমন- কোন কোন অ্যাপ ব্যবহার করছে বা কিনেছে এবং ওয়েবে কী সাঁচ করছে ইত্যাদি।
- \* অ্যাপস, গেম, ভিডিও, মুভি ও টিভি শোর জন্য বয়সসীমা সেট করুন।
- \* আপনার শিশু কতক্ষণ তাদের ডিভাইস



অ্যাকাউন্টে চাইল্ড বা অ্যাডাল্ট যুক্ত করা



ফ্যামিলি মেম্বার যুক্ত করা



ফ্যামিলি অ্যাকাউন্ট লিস্ট

ব্যবহার করতে পারবে, তার সময়সীমা সেট করে দিন।

- \* যদি আপনি উইন্ডোজ ১০ মোবাইল ফোন ব্যবহার করেন, তাহলে ম্যাপে লোকেট করে দিন আপনার শিশু কোথায় আছে।

পিসি সেটআপ করার জন্য ইতোমধ্যে ডিভাইসের ফ্যামিলির অংশ হিসেবে প্রাইমারি অ্যাকাউন্ট ব্যবহার হয়। সুতরাং আপনার পরিবারের অন্য সদস্যদের এখন যুক্ত করতে পারবেন। সুতরাং নিচে বর্ণিত পর্যায়ক্রমিক ধাপগুলো অনুসরণ করুন এ অ্যাকাউন্ট সেটআপ করার জন্য।

## অ্যাকাউন্টে পিপল যুক্ত করা

উইন্ডোজ ১০-এ Settings → Accounts → Family & other people → Add a family member-এ ক্লিক করুন।

পরবর্তী স্ক্রিনে আপনি অ্যাডাল্টের জন্য নাকি শিশুর জন্য এই অ্যাকাউন্ট সেট করতে চাচ্ছেন, তা বেছে নিন। এরপর আপনার পার্সোনাল ই-মেইল অ্যাড্রেস এন্টার করে Next-এ ক্লিক করুন।

নিশ্চিত করুন, আপনি কাল্পনিক ব্যক্তিকেই

যুক্ত করতে চাচ্ছেন। এরপর ওই ব্যক্তি ই-মেইলের মাধ্যমে একটি ইনভাইটেশন রিসিভ করবেন। এরপর তিনি উইন্ডোজ ডিভাইসে লগ করতে পারবেন, তবে ফ্যামিলি সেটিং ম্যানেজ করার জন্য পারসনকে ইনভাইটেশন অ্যাক্সপেপ্ট করতে হবে ই-মেইলে Accept Invitation বাটনে ক্লিক করে।

যদি আপনি শিশুদের জন্য একটি অ্যাকাউন্ট যুক্ত করতে চান, তাহলে Add a family member অপশনে ক্লিক করুন। তবে এ সময় চাইল্ড

অ্যাকাউন্ট বেছে নিন। বাকি প্রসেসটি একই ধরনের। ই-মেইলের মাধ্যমে চাইল্ড রিসিভ করবে একটি ইনভাইটেশন। চাইল্ডকে Accept Invitation বাটনে ক্লিক করতে হবে।

## শিশুদের অনলাইন অ্যাক্টিভিটি মনিটর করা

ধরা যাক, আপনার সব অ্যাক্টিভিটি সেটআপ করা হয়ে গেছে। এবার দেখার পালা, উইন্ডোজ ডিভাইসে আপনার শিশু সন্তানের অনলাইন অ্যাক্টিভিটি কীভাবে মনিটর তথা তদারক করেন? আপনার শিশু সন্তানের অনলাইন অ্যাক্টিভিটি মনিটর করতে চাইলে ব্রাউজারকে ওপেন করুন ও অ্যাডাল্ট অ্যাকাউন্টগুলোর মধ্যে একটি ব্যবহার করে the Microsoft page for your family পেজে লগ করুন। এর ফলে আপনার ফ্যামিলির জন্য লিস্ট করা সব অ্যাকাউন্ট দেখতে পারবেন।

চাইল্ড অ্যাকাউন্টগুলোর মধ্য থেকে একটি বেছে নিন। এরপর নিচে বর্ণিত ফিচারগুলো সেটআপ করে নিন।

চাইল্ড অ্যাকাউন্টে মানি অর্থাৎ মানি যোগ করতে চাইলে 'Add Money' লিঙ্কে ক্লিক করুন। এরপর 'Recent activity' লিঙ্কে ক্লিক করে Activity Reporting অপশনকে সক্রিয় করুন চাইল্ডের ওয়েব ব্রাউজিং কেনাকাটা ভিউ করার জন্য।

এবার আপনার চাইল্ড কি কিনতে পারবে তা কন্ট্রোল ও ভিউ করার জন্য 'Purchasing & spending' লিঙ্কে করুন।

আপনার শিশু কখন ও কতক্ষণ ডিভাইস ব্যবহার করতে পারবে, তা ম্যানেজ করার জন্য 'Screen time' লিঙ্কে ক্লিক করুন।

এবার More লিঙ্কে ক্লিক করুন। এরপর আপনার শিশুর জন্য অনুপযুক্ত ওয়েবসাইট ব্লক করার জন্য 'Web browsing' অপশনে ক্লিক করুন।

সবশেষে যদি আপনার শিশু উইন্ডোজ ফোন হ্যান্ডসেট ব্যবহার করে থাকে, তাহলে 'Find [your child's name] on a map' লিঙ্কে ক্লিক করুন আপনার শিশুর অবস্থান জানার জন্য [হিস](#)

ফিডব্যাক : [mahmood\\_sw@yahoo.com](mailto:mahmood_sw@yahoo.com)